

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৭. ১১০২

তারিখ: ৬/১০/২০১৭

বিষয়: ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্স ২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি এবং অন্যান্য দিনের কর্মসূচি বাণীবদ্ধ করে সম্প্রচার।

- আগামী ১-৮ নভেম্বর ২০১৭ পর্যন্ত ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্স (সিপিএস)-২০১৭ ঢাকায় অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ০৫ নভেম্বর ২০১৭, রবিবার সকাল ১০টায় বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্রাঙ্গণে উল্লিখিত কনফারেন্সের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।
- উদ্বোধনী অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এবং কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্স সচিবালয়-এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন। উল্লেখ্য, কনফারেন্সের প্রতিদিনের কার্যক্রমের বিস্তারিত সময়সূচি কনফারেন্সের ওয়েব সাইট www.cpc2017.org-এ পাওয়া যাবে।
 - উদ্বোধনী অনুষ্ঠান প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবার্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, এফ.এম. ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। অনুষ্ঠানটি দুপুর ১২টা ১০মিনিটের পর চলমান থাকলে মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে ট্রান্সমিটার দুটি দুপুর ১২টা ১০মিনিটে বিরত না হয়ে উল্লিখিত অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্রাঙ্গণ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা বহন করবেন।
 - উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - উদ্বোধনী অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ অনুষ্ঠানটি প্রচারের পূর্বে যোগাযোগ/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারের ক্ষেত্রে অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - উদ্বোধনী অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তারা প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - উল্লিখিত কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠান ম্যাজীত অন্যান্য দিনের কর্মসূচি বাণীবদ্ধ করে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - কনফারেন্সের প্রতিদিনের কার্যক্রমের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - উদ্বোধনী অনুষ্ঠান শুরু ২ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
 - পরিচালক, লিয়াজে, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(নাসরুল্লাহ মো. ইরফান)
পরিচালক, অনুষ্ঠান

ও
উপমহাপরিচালক, অনুষ্ঠান (দৈনন্দিন দায়িত্বে)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৪৮১৩০৭৪।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
- সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাতার, ঢাকা।
- পরিচালক, লিয়াজে, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- স্টেশন প্রকৌশলী, নিয়ন্ত্রণ প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।